সিলেটে মোমেন ফাউন্ডেশনের পক্ষ থেকে ঈদ উপহার বিতরণ

চেম্বার ডেস্ক :: পররাষ্ট্রমন্ত্রী ডক্টর একে আব্দুল মোমেনের নিজ সংগঠন মোমেন ফাউন্ডেশনের পক্ষ থেকে অসহায় শ্রমিকদের মধ্যে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (১১ মে) নগরীর সুবিদবাজারের লন্ডনী রোডে জেলা যুবলীগের নেতৃবৃন্দ এসব উপহার সামগ্রী বিতরণ করেন।

এসময় সিলেট জেলা যুুলীগের সভাপতি শামীম আহমদ ভিপি বলেন , সিলেটে অসহায় মানুষদের সেবা দিয়ে যাচ্ছে মোমেন ফাউন্ডেশন। ফাউন্ডেশন প্রতিষ্ঠা করে মানুষের সেবার সুযোগ করে দেওয়ার জন্য সিলেটের কৃতি সন্তান সিলেট -১ আসনের সংসদ সদস্য পররাষ্ট্রমন্ত্রী ড একে . আব্দুল মোমেন ও তার সহধর্মিনী সেলিনা মোমেনকে সিলেট জেলা যুবলীগের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

জেলা যুবলীগের সাধারণ সম্পাদক মো . শামীম আহমদ বলেন , মোমেন ফাউন্ডেশ অসহায় নিম্ন আয়ের মানুষের পাশে দাঁড়িয়েছে। করোনা মহাকালীন সংকটে এটি আর্তে র সেবায় একটি অনন্য উদাহরণ। তিনি সবাইকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

এসময় সিলেট জেলা যুবলীগের অন্যান্য নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন।